অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

সুবিধাবঞ্চিত তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান প্রদান করতে 47 মিলিয়ন ডলারেরও বেশি প্রদান করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচি এবছর নিম্ন-আয়ের পরিবারগুলো থেকে আসা আনুমানিক 18,500 কিশোর-কিশোরী ও তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য কর্মসংস্থান প্রদান করবে

স্টেটের অর্থায়নে পরিচালিত এই কর্মসূচি অংশগ্রহণকারী তরুণ-তরুণীদের জন্য মূল্যবান প্রশিক্ষণ ও কর্মসংস্থানের অভিজ্ঞতা প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে এবছর নিউ ইয়র্ক স্টেটের তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচিতে (Summer Youth Employment Program) সহায়তা করার জন্য 47.1 মিলিয়ন ডলারেরও বেশি লভ্য থাকবে, যা আনুমানিক 18,500 তরুণ নিউ ইয়র্কবাসীকে কর্মীদলে মূল্যবান অভিজ্ঞতা অর্জন করতে সাহায্য করবে। স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক পরিচালিত এই কর্মসূচি নিম্ন-আয়ের পরিবারগুলো থেকে আসা তরুণ ব্যক্তিদেরকে শ্রম বাজারের সঙ্গে পরিচয় করিয়ে দেয় যাতে তারা শিক্ষাগত পারফর্ম্যান্স উন্নত করতে এবং দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক ব্যক্তি হয়ে উঠতে সাহায্য করবে এমন কার্যকর দক্ষতাগুলো অর্জন করতে পারে।

"বহু তরুণ ব্যক্তির জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান জীবনের একটি গুরুত্বপূর্ণ পর্যায় যা তাদেরকে মূল্যবান দক্ষতা এবং কর্মস্থলে তাদের প্রথম অভিজ্ঞতা অর্জন করতে সাহায্য করে," **বলেছেন গভর্নর হোকল।** "তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচি নিম্ন-আয়ের পরিবারগুলো থেকে আসা তরুণ ব্যক্তিদের জন্য অমূল্য অভিজ্ঞতা প্রদান করে এবং জীবনের পরবর্তী সময়ে ক্যারিয়ারে সমৃদ্ধি অর্জন করতে তাদেরকে সাহায্য করতে পারে এমন দায়িত্বশীলতা শিক্ষা দেয়।"

"এই বিনিয়োগের মধ্য দিয়ে আমরা আমাদের কিশোর-কিশোরী ও তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিরা যাতে কর্মসংস্থানের সুযোগ, প্রশিক্ষণ, ও কর্মীদলের অভিজ্ঞতার সমতাপূর্ণ অ্যাক্সেস পায় তা নিশ্চিত করছি," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর ডেলগাডো।** "আমাদেরকে অবশ্যই ঐতিহাসিক কাল

থেকে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে সহায়তা করতে হবে, স্টেটব্যাপী পরিবারগুলোর জন্য সংস্থানসমূহ প্রদান করতে হবে, এবং আমাদের শিশুদেরকে সফলতার পথ দেখিয়ে দিতে হবে।"

তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচি স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে নিম্ন-আয়ের পরিবারগুলো থেকে আসা তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান তৈরি করতে সহায়তা করে। অংশগ্রহণকারীরা পার্ক, সামার ক্যাম্প, চাইল্ড কেয়ার সংগঠন, সাংস্কৃতিক কেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান, এবং কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহ, ইত্যাদি স্থানে এন্ট্রি-লেভেল পদে কাজ করে।

2023 সালের কর্মসূচির জন্য উপযুক্ত বিবেচিত হওয়ার জন্য তরুণ ব্যক্তিদেরকে অবশ্যই 14 থেকে 20 বছর বয়সী হতে হবে এবং তিন সদস্যের পরিবারের ক্ষেত্রে ফেডারেল দারিদ্র্য সীমার 200 শতাংশ বা 49,720 ডলারের চেয়ে কম আয়ের পরিবারের সদস্য হতে হবে। এই কর্মসূচি 2022 সালে 18,500 জনেরও বেশি তরুণ-তরুণীকে সেবা দিয়েছে, যা তাদেরকে কর্মীদলে মূল্যবান অভিজ্ঞতা দিয়েছে, এবং প্রায় ক্ষেত্রেই পরবর্তী সময়ে একাডেমিক পারফর্ম্যান্স উন্নত হওয়ার কারণ হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "নিম্ন-আয়ের পরিবারগুলো থেকে আসা তরুণ-তরুণীরা প্রায় ক্ষেত্রেই বেঁচে থাকার উপযোগী বেতনের কর্মসংস্থান এবং উচ্চতর শিক্ষার মধ্যকার একটি চ্যালেঞ্জিং উত্তরণের সম্মুখীন হয়। তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচি তাদেরকে পেশাজীবীদের সঙ্গে কাজ করার এবং আধুনিক কর্মীদলে বেঁচে থাকার উপযোগী বেতনের একটি ক্যারিয়ার গঠনের জন্য প্রয়োজনীয় অত্যন্ত গুরুত্বপূর্ণ দক্ষতাগুলো অর্জন করার সুযোগ করে দেয়। এসব তরুণ নিউ ইয়র্কবাসী এই কর্মসূচির মাধ্যমে লাভ করা অতি গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টিগুলো তাদের দৃষ্টিভঙ্গি সম্প্রসারণ করতে এবং নিজেদের ক্যারিয়ার গঠনের অনুপ্রেরণা অর্জন করতে সাহায্য করতে প্রয়োগ করতে পারে।"

স্টেট সিনেটর এবং সোশ্যাল সার্ভিসের সভাপতি রোক্সেন জে. পারসড বলেন, "আমি আনন্দিত যে বৃহৎ অর্থনৈতিক প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া পরিবারগুলো থেকে আসা প্রায় 20,000 তরুণ ব্যক্তিকে নিয়োগ দিতে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচিতে (SYEP) অর্থায়নের জন্য গভর্নর হোকল 47 মিলিয়ন ডলারের এই তহবিল প্রদান করছেন। SYEP সরকারি, বেসরকারি ও অলাভজনক খাতের অর্থপূর্ণ কর্মসংস্থান ও কাজের জন্য প্রস্তুতির প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে হাজার হাজার তরুণ-তরুণীকে দারিদ্র্য থেকে বের হয়ে আসার পথ খুঁজে নিতে সাহায্য করেছে। SYEP-এর জন্য তহবিল প্রদান করা আমার সর্বোচ্চ অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে, এবং প্রতি বছর আরো বেশি সংখ্যক তরুণ-তরুণীর জন্য এই চমৎকার সুযোগটি সম্প্রসারণ করতে আমি গভর্নর হোকলের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য এবং সোশ্যাল সার্ভিসেস-এর সভাপতি মারিতজা ড্যাভিলা বলেন, "তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন কর্মসংস্থান কর্মসূচিতে অর্থায়ন করার মাধ্যমে, আমরা নিউ ইয়র্ক স্টেটে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করছি, যা অদূর ভবিষ্যতে সুফল বয়ে আনবে। অংশগ্রহণকারী তরুণ এবং তরুণ প্রাপ্তবয়স্করা মূল্যবান দক্ষতা এবং কর্মীদলে কাজ করার

অভিজ্ঞতা অর্জন করবে যা শ্রেণিকক্ষে এবং তাদের জীবনের অন্যান্য ক্ষেত্রে কাজে লাগবে। এই বিনিয়োগ আমাদের স্টেটের ভবিষ্যত কর্মীদল গড়ে তুলতে সাহায্য করছে এবং সুবিধাবঞ্চিত পরিবারগুলো থেকে আসা তরুণ নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন সুযোগ-সুবিধা প্রদান করছে।"

অংশগ্রহণ করতে আগ্রহী তরুণ ব্যক্তিদের উচিত তাদের স্থানীয় ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস-এ যোগাযোগ করা। এবছর কর্মসূচির জন্য কাউন্টি অনুযায়ী লভ্য তহবিলের মধ্যে রয়েছে:

কাউন্টি	অর্থায়ন
Albany	$661,304
Allegany	$192,556
Broome	$536,718
Cattaraugus	$273,371
Cayuga	$194,209
Chautauqua	$417,968
Chemung	$217,780
Chenango	$146,216
Clinton	$214,206
Columbia	$112,518
Cortland	$151,263
Delaware	$124,708
Dutchess	$535,230
Erie	$2,142,029
Essex	$79,874
Franklin	$159,821
Fulton	$144,316
Genesee	$118,901
Greene	$117,722
Hamilton	$12,079
Herkimer	$167,426
Jefferson	$311,645
Lewis	$81,586
Livingston	$172,409
Madison	$184,409
Monroe	$1,806,333
Montgomery	$142,084
Nassau	$1,497,803
Niagara	$475,228

NYC	**$24,454,907**
Oneida	**$601,373**
Onondaga	**$1,153,959**
Ontario	**$213,855**
Orange	**$841,523**
Orleans	**$113,968**
Oswego	**$397,759**
Otsego	**$196,140**
Putnam	**$91,897**
Rensselaer	**$334,779**
Rockland	**$745,802**
Saratoga	**$278,303**
Schenectady	**$304,720**
Schoharie	**$86,991**
Schuyler	**$48,871**
Seneca	**$104,889**
St Lawrence	**$425,199**
Steuben	**$263,573**
Suffolk	**$1,906,794**
Sullivan	**$197,083**
Tioga	**$120,623**
Tompkins	**$402,199**
Ulster	**$353,105**
Warren	**$113,513**
Washington	**$144,977**
Wayne	**$204,860**
Westchester	**$1,425,549**
Wyoming	**$108,054**
Yates	**$73,023**
মোট	**$47,100,000**

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418